ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৬

NOV. 27 2002

# পরবর্তী সার্ক শীর্ষ সম্মেলন ১১-১২ জানুয়ারি ইসলামাবাদে

আগামী ১১-১২ জানুয়ারি পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে পরবর্তী সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে। পররাষ্ট্রমন্ত্রী এম মোর্শেদ খান গতকাল বৃহস্পতিবার একথা জানান। ইউএনবি।

গতকাল বিকালে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে পররাষ্ট্রমন্ত্রী বলেন, নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে সার্ক পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। পররাষ্ট্রমন্ত্রী বলেন, ১১-১২ জানুয়ারি শীর্ষ সম্মেলনের আগে ৬ জানুয়ারি থেকেই সার্কভুক্ত দেশগুলোর কর্মকর্তা, পররাষ্ট্র সচিব ও পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে। চলতি বছর জানুয়ারি মাসে নেপালের রাজধানী কাঠমান্ডুতে সর্বশেষ সার্ক সম্মেলন অনুষ্ঠিত হয়।